ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩২৬ ● কলকাতা ● ১৮ অগ্রহায়ণ, ১৪৩১ ● বুধবার ● ০৪ ডিসেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা



ভেঙেছে প্রেম, আদিত্যকে ধরে রাখতে যা করেছেন অনন্যা

পৃঃ ৫



আমি কী ভুল করেছি; প্রশ্ন পৃথ্বীর

পৃঃ ৬

# রনংদেহি মুখ্যমন্ত্রী, কাদের কপাল পুড়তে চলেছে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সোমবার নবান্নে জনস্বাস্থ্য ও কারিগরি দফতরের বৈঠক থেকে একরাশ ক্ষোভ উগরে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । 'কেউ ভুল টেন্ডার করছে, কেউ ভুল ডিপিআর করছে'। 'কোনও নেতা, কোনও রাজনৈতিক দলের কথা শুনবেন না। বিডিও, ডিএম, এসডিও আপস করবেন না।মুখ্যমন্ত্রী বলেন পানীয় জল সবচেয়ে বেশি অপব্যবহার হয়েছে পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এই ৩ টে জেলায়। যেখানে জল অপব্যবহার নিয়ে কালিম্পং-এ সংখ্যাটা শূন্য। ১৮,২৩০ লোকেশন নিয়ে প্রশাসনকে সতর্ক থাকার কথা বলেন মমতা। এই ইসুতেই মমতা বলেন, 'আপনারা সারপ্রাইজ ভিজিট করবেন, কোনো কিছুর চাপে যদি কেউ আপোস করেন কারোর ভয়ে, তাহলে আমি তার চাকরি আগে খাবো।'যদি কেউ আপস করেন কারও ভয়ে, তার চাকরিটা আমি আগে খাব'। সাফ বার্তা মমতার।

কড়া হুঁশিয়ারি দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'যদি কেউ অপব্যাবহার করে, তার নিজের অঞ্চলকে সার্ভে করার জন্য, বাকি অঞ্চলকে ফাঁকিবাজি দেওয়ার জন্য, এটা অপরাধ। সরকার কখনই তা বরদাস্ত করবে না। এগ্রিকালচার, চডউ, সেচ, বিদ্যুত, জনস্বাস্থ্য ও কারিগরি, এই পাঁচ দফতর একসঙ্গে সমণ্বয় করে, আগে কোনও সমণ্বয় ছিল না ডিএম আর বিডিও-দের সঙ্গে। ফলে সমস্যাটা হয়েছে। নিজেদের মধ্যে সমণ্বয় বাড়িয়ে সমস্যা

এরপর ৩ পাতায়

# দূরত্ব বাড়ছে কংগ্রেস আর তৃণমূলে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জোট 'ইন্ডিয়া' কি আর টিকবে? ফাটল স্পষ্ট থেকে স্পষ্টতর হচ্ছে 'বড়' শরিকের সঙ্গে 'মেজো' এবং 'সেজো'র। ফাটল বাড়তে বাড়তে ভাঙনে গড়াবে কি? প্রশ্ন উঠতে শুরু করেছে। তবে কি 'ইন্ডিয়া'র দিন ঘনিয়ে এল? ভাঙন অবশ্যম্ভাবী? না কি এই ভাবেই কখনও দূরে থেকে, কখনও কাছাকাছি এসে কোনও রকমে টিকিয়ে রাখা হবে বিরোধী জোট? 'কট্টর মমতা-বিরোধী' কংগ্রেস নেতা অধীর চৌধুরী যেমন এখনই ভাঙনের কোনও ইঙ্গিত দেখতে পাচ্ছেন না। কংগ্রেসের সর্বোচ্চ নীতিনির্ধারক গোষ্ঠী ওয়ার্কিং কমিটির সদস্য অধীর এ বার তৃণমূলের কাছে হেরে গেলেও, বিগত লোকসভায় কংগ্রেসের দলনেতা ছিলেন। তাঁর মতে, 'আমি মনে করি না 'ইন্ডিয়া'র ভবিষ্যৎ নিয়ে কোনও প্রশ্ন আছে। 'ইন্ডিয়া' থাকবে।' তৃণমূল প্রসঙ্গে তাঁর সংযোজন, 'ওদের আলাদা অ্যাজেন্ডা আছে। ওরা আদানিকে চটাতে চায় না। আসলে মোদী এবং দিদির মধ্যে সেতুবন্ধন করেন আদানি। আসলে দিদানি, মোদানি, আদানি সব এক হয়েছে।'মঙ্গলবার একই দিনে সংসদের ভিতরে বাইরে অন্তত তিনটি ঘটনা 'ইন্ডিয়া'র দুই শরিক দল কংগ্রেস এবং তৃণমূলের মধ্যে দূরত্ব বৃদ্ধির স্পষ্ট ইঙ্গিত দিল।ঘটনা এক: সংসদ চত্বরে আদানিদের 'ঘুষকাণ্ডের' প্রতিবাদে রাহুল গান্ধীর নেতৃত্বে বিক্ষোভ দেখালেন কংগ্রেস এবং বিরোধী জোটের কিছু 'ছোট' শরিক দলের সাংসদেরা। কর্মসূচিতে যোগ দিল না তৃণমূল এবং এসপি। আম

এরপর ৩ পাতায়

# ফের উত্তপ্ত ভারতের পার্লামেন্ট, অধিবেশন মুলতবি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আবারও মূলতবি হলো ভারতের পার্লামেন্টের দুই কক্ষের অধিবেশন। সোমবার (২ ডিসেম্বর) লোকসভার বিতর্কে আদানি ইস্যু, সাম্প্রদায়িক দাঙ্গাসহ বিভিন্ন ইস্যু নিয়ে তুমুল হট্টগোলের মুখে স্থগিত করা হয় অধিবেশন।

অধিবেশনে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের ইস্যু নিয়ে আলোচনা হওয়ার কথা ছিলো। তবে আদানি ইস্যু নিয়ে কংগ্রেস কথা বলতে চাইলে শুরু হয় হট্টগোল। এরপরই স্থগিত হয় সোমবারের অধিবেশন।

এর আগে, গত সপ্তাহেও গৌতম আদানির বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের অভিযোগ নিয়ে আলোচনার দাবি জানায় প্রধান বিরোধী দল কংগ্রেসের নেতৃত্বাধীন দলগুলো। সেদিনও একভাবে স্থগিত হয় অধিবেশন।

উল্লেখ্য, গত ২০ নভেম্বর ভারতীয় ধনকুবের ও আদানি গ্রুপের চেয়ারম্যান গৌতম আদানি ও তার কয়েকজন সহযোগীর বিরুদ্ধে ঘুষ দেয়ার অভিযোগ আনে যুক্তরাষ্ট্র। এরপর থেকেই এ ইস্যু নিয়ে বেশ সোচ্চার কংগ্রেস। তাদের দাবি- আদানি ইস্যু, সম্ভল-মণিপুর ইত্যাদি ইস্যু নিয়ে আলোচনায় বসতে চাইলেই তা এড়িয়ে যেতে চাইছে ক্ষমতাসীন মোদি সরকার।






## হরিপালের হারিটে
# বিশ্ব প্রতিবন্ধী দিবস পালন



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি**

বিশ্ব প্রতিবন্ধী দিবসকে স্মরণ করে আজ হরিপাল ব্লকের চন্দনপুর গ্রাম পঞ্চায়েতের হারিট হাসপাতালে প্রতিবন্ধী শনাক্তকরণ শিবির ও কানে শোনার যন্ত্র প্রধান অনুষ্ঠান অনুষ্ঠিত হলো। এই শিবিরে উপস্থিত ছিলেন হরিপালের বিডিও পারমিতা ঘোষ, জয়েন্ট বিডিও পরিচয় পাল, হরিপাল পঞ্চায়েত সমিতির সভাপতি সুচন্দ্রা ধোলে অধিকারী, হরিপালের বি এম ও এইচ মণিকুন্তলা হাজরা, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ নিখিল পাত্র চন্দনপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান জামিরুল হালদার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। এই শিবিরে চন্দনপুর গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে ৭০ জন বধির মানুষকে কানে শোনার যন্ত্র প্রদান করা হয়। শিবিরে উপস্থিত বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ প্রতিবন্ধী শনাক্তকরণ কর্মসূচিতে অংশ নেন। বিশ্ব প্রতিবন্ধী দিবসে একটি গ্রাম পঞ্চায়েত তার নিজস্ব উদ্যোগে প্রতিবন্ধীদের সহযোগিতায় এই প্রকার অনুষ্ঠান করার জন্য উপস্থিত সকলেই গ্রাম পঞ্চায়েতের কর্মকর্তাদের ধন্যবাদ জানান।

## ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যু হল
# চন্দনগর হাসপাতালের এক চিকিৎসকের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**হুগলী :** জ্বরে আক্রান্ত হয়ে মৃত্যু হল চন্দননগর হাসপাতালের এক চিকিৎসকের। মৃতের নাম স্বাতী দে (৪৭)। গত ২৪ নভেম্বর থেকে জ্বরে আক্রান্ত ছিলেন ওই চিকিৎসক। প্লেটলেট নামতে শুরু করলে চন্দননগরের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে।গত ৩০ শে নভেম্বর এসএসকেএম হাসপাতালের আইসিইউতে নিয়ে আসা হয় তাঁকে। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার ভোররাতে মৃত্যু হয় তাঁর। মৃতুর শংসাপত্রে ডেঙ্গি ফিভার বলে উল্লেখ করা হয়েছে।চিকিৎসক স্বাতীর স্বামী সুস্নাত দে শল্য চিকিৎসক, কোচবিহারে কর্মরত। স্বাতী চন্দননগর হাসপাতালে কর্মরত ছিলেন।তাদের কন্যাও ডাক্তারি পড়ুয়া।চন্দননগর পুরসভার ১৬ নম্বর ওয়ার্ডের হাটখোলা এলাকায় বাড়ি চিকিৎসক দম্পতির। প্রতিবেশী স্বপনকুমার ঘোষ বলেন, চন্দননগর হাসপাতাল থেকেই ডেঙ্গু হয়েছিল। হাসপাতালে ভর্তি ছিলেন। সেখানেই মৃত্যু হল তাঁর।১৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর অভিজিৎ সেন বলেন,কয়েকদিন ধরে আশঙ্কাজনক অবস্থায় ভর্তি ছিলেন। আমরা খুব উদ্বেগে ছিলাম। খুব দুঃখজনক ঘটনা ঘটে গেল। তাঁকে আমরা হারালাম। এলাকার মানুষের কাছে আবেদন জানাব যাতে ডেঙ্গি মশার ব্যাপারে সচেতন থাকেন।

## চন্ডীতলা এলাকা থেকে
# আন্তরাজ্য ডাকাতদল গ্রেফতার

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, চন্ডীতলা হুগলি**

গতকাল রাত্রে গোপন সূত্রে খবর পেয়ে চন্ডীতলা থানার চিকরন্ড এলাকা থেকে এসটিএফ ও চন্ডীতলা থানা পুলিশ যৌথ উদ্যোগে অভিযান চালিয়ে আটজনের একটি ডাকাত দলকে গ্রেফতার করে। আজ হুগলি জেলা গ্রামীণ পুলিশ সুপার কামনাশিষ সেন এক সাংবাদিক সম্মেলনে জানান একটি বড় রকমের ডাকাতি করার উদ্দেশ্যে এই ডাকাত দলটি জড়ো হয়েছিল বলে মনে করা হচ্ছে। আটক ব্যক্তিরা বেশিরভাগ ঝাড়খণ্ডের বাসিন্দা বলে জানা গেছে। আটক ব্যক্তিদের কাছ থেকে তিনটি আগ্নেয় অস্ত্র পনেরো রাউন্ড গুলি, ভোজালি, ছুরি সহ একাধিক অস্ত্রশস্ত্র উদ্ধার হয়েছে। আটক ব্যক্তিদের নির্দিষ্ট ধারায় কেস দিয়ে আদালতে পেশ করা হয়।

## ২০২৬ সালের চতুর্থবারের জন্য তৃণমূল কংগ্রেস
# বোর্ড গঠন করবে দাবি মন্ত্রী পুলক রায়ের



**বেবি চক্রবর্ত্তী**

আগামী ২৬শের বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস ২৬০টি আসন পেয়ে চতুর্থ বারের মতো সরকার গঠন করবে বলে জানালেন মন্ত্রী পুলক রায়। মহেশপুর অঞ্চল তৃণমূল কংগ্রেসের আয়োজনে স্বেচ্ছায় রক্তদান শিবির ও শিশু মিলন উৎসবের আয়োজন করা করেছিল।সেখানে উপস্থিত হয়ে মঞ্চ থেকে বিরোধী রাজনৈতিক দলকে তীব্র আক্রমণ করার পাশাপাশি আগামী ২৬শের বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস ২৬০টি ক্ষমতায় আসতে চলেছে সে বিষয়ে স্পষ্ট বার্তা দেন রাজ্যের পূর্তমন্ত্রী পুলক রায়।মন্ত্রী জানান বিগত ৩৪ বছরের বামফ্রন্ট সরকার মানুষের আশীর্বাদ নিয়ে ক্ষমতায় থাকলেও মানুষের পাশে দাঁড়াতেন না,তেমনি বর্তমান বিজেপির নেতৃত্বে কেন্দ্রের সরকারকেও তীব্র আক্রমণ শানান মন্ত্রী পুলক রায়।এদিনের এই রক্তদান শিবিরে ২০০-এরও বেশি রক্তদাতা রক্তদান করায় এদিনের এই শিবিরকে রক্ত উৎসব বলেন মন্ত্রী।এদিনের এই অনুষ্ঠানে মন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন হাওড়া গ্রামীণ জেলার তৃণমূল কংগ্রেসের সহ:সভাপতি গোপীনাথ ব্যানার্জি,হাওড়া জেলা পরিষদের অধ্যক্ষ অজয় মণ্ডল,উলুবেড়িয়া-১নং পঞ্চায়েত সমিতির সভাপতি অতীনদ্র শেখর প্রামাণিক,মহেশপুর অঞ্চল তৃনমুল কংগ্রেসের সভাপতি আজিজুল ইসলাম মোল্লা,মহেশপুর গ্রাম পঞ্চায়েত প্রধান পূজা মাখাল,উপ-প্রধান সেখ সাহাবর,তৃণমূল কংগ্রেসের অন্যতম নেতা শেখ মুজিবর রহমান,হাওড়া গ্রামীণ জেলার তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি দেবাশীষ বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্য নেতৃবৃন্দ।









## মমতা হয়তো বোঝেননি
# জাতিসংঘ শান্তিরক্ষীর ভূমিকা : শশী থারুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কথিত সংখ্যালঘু নির্যাতনের অভিযোগ তুলে বাংলাদেশে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী মোতায়েনের দাবি জানিয়েছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তার ওই বক্তব্যে এরই মধ্যে কড়া প্রতিক্রিয়া জানিয়েছে ঢাকা। এবার তৃণমূল নেত্রীর বিরুদ্ধে সুর চড়ালেন তারই দেশের প্রভাবশালী রাজনীতিবিদ শশী থারুর। তিনি বলেছেন, মমতা ব্যানার্জী হয়তো জাতিসংঘ শান্তিরক্ষীদের ভূমিকা পুরোপুরি বুঝে উঠতে পারেননি।

মঙ্গলবার (৩ ডিসেম্বর) বার্তা সংস্থা পিটিআই'কে দেওয়া এক সাক্ষাৎকারে কংগ্রেস নেতা শশী থারুর বলেন, জাতিসংঘ শান্তিরক্ষীরা সাধারণত কোনো দেশের ভেতরে প্রবেশ করে না, যদি না সেই দেশের সরকার নিজে থেকে অনুরোধ জানায়।

গত সোমবার পশ্চিমবঙ্গ বিধানসভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কেন্দ্রীয় সরকারকে আহ্বান জানান, তারা যেন জাতিসংঘের কাছে অনুরোধ করে বাংলাদেশে শান্তিরক্ষী বাহিনী মোতায়েনের জন্য। তার বক্তব্য অনুযায়ী, বাংলাদেশের সংখ্যালঘুদের ওপর নির্যাতন বন্ধে আন্তর্জাতিক হস্তক্ষেপ প্রয়োজন।

মমতা বলেন, যদি প্রয়োজন হয়, তবে (অন্তর্বর্তী) সরকারের সঙ্গে আলোচনা করে বাংলাদেশে আন্তর্জাতিক শান্তিরক্ষী বাহিনী পাঠানো হোক, যাতে তারা পরিস্থিতি স্বাভাবিক করতে সহায়তা করতে পারে।

এই প্রস্তাবের প্রতিক্রিয়ায় কেরালার তিরুবনন্তপুরমের সংসদ সদস্য শশী থারুর বলেন, জাতিসংঘ শান্তিরক্ষীদের ভূমিকা সম্পর্কে হয়তো তিনি (মমতা) পুরোপুরি অবগত নন। দীর্ঘদিন জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে কাজ করার অভিজ্ঞতা থেকে বলতে পারি, এ ধরনের বাহিনী কেবলমাত্র কোনো দেশের অনুরোধেই পাঠানো হয়।

তিনি আরও বলেন, কোনো দেশ সম্পূর্ণভাবে ধসে পড়লে এবং দেশটির সরকার নিজ থেকে অনুরোধ করলে শান্তিরক্ষী বাহিনী মোতায়েন করা হয়। তবে, আমি একমত যে, বাংলাদেশে কী ঘটছে তা নজরদারি করা জরুরি।

এর আগে, বাংলাদেশে জাতিসংঘ শান্তিরক্ষী মোতায়েন প্রসঙ্গে মমতার বক্তব্যের কড়া প্রতিক্রিয়া জানায় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। এমন বক্তব্য তার জন্য 'সঠিক পদক্ষেপ নয়' বলে উল্লেখ করেন অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন।

মমতার বক্তব্য বিষয়ে সরকারের অবস্থান জানতে চাইলে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, মমতা ব্যানার্জীর বক্তব্যকে আমি 'মমতা ব্যানার্জী ধরনের বক্তব্য' হিসেবেই দেখতে চাই। কারণ, উনি এই বক্তব্য কেন দিলেন সেটি বুঝতে পারছি না।

তিনি বলেন, আমি মনে করি এটি তার জন্য সঠিক পদক্ষেপ নয়। রাজনীতিকরা তো রাজনৈতিক দৃষ্টিকোণ থেকেই বক্তব্য দিয়ে থাকেন। আমি মনে করি, পশ্চিমবঙ্গের রাজনীতিতে এটি (বক্তব্য) হয়তো তাকে সহায়তা করবে।

## বাংলাদেশে হিন্দুদের উপর অত্যাচারের প্রতিবাদে
# ড: স্বপন দত্ত বাউল মহারাজ অযোধ্যায় গিয়ে প্রভু রামের চরণ তলে শান্তি সম্প্রীতির বার্তা দিলেন



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন, অযোধ্যা**

বর্তমানে অশান্ত বাংলাদেশে শান্তি ভঙ্গ হয়ে চলেছে সবসময়। বেছে বেছে হিন্দুদের উপর সংখ্যালঘুদের উপর অত্যাচার বেড়েই চলেছে। বাংলাদেশে শান্তি সম্প্রীতি নষ্ট হতে দেখে , ও হিন্দুদের উপর সংখ্যালঘুদের উপর অত্যাচার দেখে রাজ্যের প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী, বাংলার মূখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের থেকে শুরু করে আম জনতা সকলেই উদ্বিগ্ন, চিন্তিত, সমাধান কি করে হবে ? গত কয়েক মাস আগেই স্বপন বাউল বাংলাদেশে হিন্দুদের উপর সংখ্যালঘুদের উপর অত্যাচারের বিরুদ্ধে কোলকাতায় রাজপথে প্রতিবাদ ও শান্তি সম্প্রীতি রক্ষায় বাউল গানে বার্তা দিয়েছিলেন। বর্তমানে আবার প্রত্যেকদিন নিউজ মিডিয়ার খবরে অশান্ত বাংলাদেশের একশ্রেনীর জনতার হিন্দুদের উপর সংখ্যালঘুদের উপর অত্যাচারের কদর্য রূপ দেখে স্বপন দত্ত বাউল আর ঘরে বসে না থেকে প্রভু রামের শরণাপন্ন হলেন। এবারে বাংলাদেশে সংখ্যাঘুদের উপর অন্যায় অত্যাচার দেখে শান্তির দূত সম্মানিত ড: স্বপন দত্ত বাউল মহারাজ ছুটে গেলেন অযোধ্যার ডাকে রাম লালার মন্দিরে ২ - ৫ ডিসেম্বর২০২৪ । সঙ্গে নিয়ে গেলেন তার গর্ভ ধারিণী মা মিনতী রানী দত্তকে। ৮৫ বছর বয়স মাতা মিনতী রানী দত্ত কে পাশে নিয়ে তার আশির্বাদ মাথায় নিয়ে একেবারে অযোধ্যায় প্রভু শ্রী রাম চন্দ্রের চরণ তলে দাঁড়িয়ে স্বামীজির আদর্শে অনুপ্রাণিত হয়ে স্বামীজি রূপে সম্মানিত ড: স্বপন দত্ত বাউল বাংলাদেশে যাতে হিন্দুদের উপর সংখ্যালঘুদের উপর অত্যাচার বন্ধ হয় তার আবেদন করেন। স্বপন বাউল শান্তি সম্প্রীতি রক্ষায় বাংলাদেশকে সচেতন করেন এবং বেছে বেছে হিন্দুদের উপর সংখ্যালঘুদের উপর অত্যাচার বন্ধের বার্তা দেন তার বাউল গানের কথায় ও সুরে। রামমন্দিরে আগত অগণিত ভক্ত বৃন্দ প্রাক্তন রাষ্ট্রপতির প্রশংসিত আশির্বাদ ধন্য উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী জাতীয় সম্মানিত

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# দূরত্ব বাড়ছে কংগ্রেস আর তৃণমূলে

আদমি পার্টি (আপ)-এরও কাউকে দেখা যায়নি।

ঘটনা দুই: তৃণমূলের এই অনুপস্থিতি নিয়ে যখন জল্পনাকল্পনা চলছে, সেই সময় দলের সাংসদ কীর্তি আজাদের একটি মন্তব্যকে 'মশকরা' বলে কটাক্ষ করে ফেলল কংগ্রেস। বর্ধমান-দুর্গাপুরের সাংসদ কীর্তি মমতা বন্দ্যোপাধ্যায়কে 'ইন্ডিয়া'র মুখ করার দাবি তুলে সম্প্রতি বলেছিলেন, 'একমাত্র পশ্চিমবঙ্গেই হারতে হয় বিজেপিকে। উপনির্বাচনেও মমতাদিদি ছক্কা মেরে নরেন্দ্র মোদীকে পশ্চিমবঙ্গের বাউন্ডারির বাইরে পাঠিয়ে দিয়েছেন।' ক্রিকেটের অনুষঙ্গ টেনে মমতাকেই 'জোটের মুখ' করার দাবি তুলেছিলেন ভারতীয় দলের প্রাক্তন এই ক্রিকেটার। কিন্তু কীর্তির এই মন্তব্যকে ভাল ভাবে নেয়নি কংগ্রেস। দলের তামিলনাড়ুর সাংসদ মণিকম টেগোর মঙ্গলবার খোঁচার সুরেই বললেন, 'এটা খুব সুন্দর একটা মশকরা।' ঘটনা তিন: বাংলাদেশ প্রসঙ্গে তৃণমূলনেত্রীর 'ধ্যানধারণা' নিয়েই প্রশ্ন তুলে দিলেন কেরলের কংগ্রেস সাংসদ শশী তারুর। তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় আবার 'পণ্ডিত' বলে পাল্টা কটাক্ষ করলেন শশীকে। বাংলাদেশে চিন্ময়কৃষ্ণ দাসের গ্রেফতারি এবং সে দেশে সংখ্যালঘুদের উপর অত্যাচারের অভিযোগে গত কয়েক দিন ধরেই দু'দেশের মধ্যে উত্তেজনা বৃদ্ধি পেয়েছে। এই পরিস্থিতিতে সোমবার পশ্চিমবঙ্গ বিধানসভায় দাঁড়িয়ে বাংলাদেশে রাষ্ট্রপুঞ্জের শান্তিসেনা (পিস কিপিং ফোর্স) পাঠানোর জন্য কেন্দ্র আর্জি জানাক বলে প্রস্তাব দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা। মঙ্গলবার সংসদ চত্বরে শশী মমতার মন্তব্য প্রসঙ্গে বলেন, 'আমি ঠিক জানি না উনি (মমতা) রাষ্ট্রপুঞ্জের শান্তিসেনার ভূমিকার বিষয়টি পুরোপুরি বোঝেন কি না। আমি বহু বছর রাষ্ট্রপুঞ্জের শান্তিসেনায় কাজ করেছি। আমি এটা বলতে পারি যে, সংশ্লিষ্ট দেশ নিজে না-চাইলে খুব কম ক্ষেত্রেই কোনও দেশের ভিতরে শান্তিসেনা যায়।' তিরুঅনন্তপুরমের কংগ্রেস সাংসদের মন্তব্যের প্রেক্ষিতে শ্রীরামপুরের তৃণমূল সাংসদ কল্যাণ পাল্টা বলেন, 'উনি (শশী) তো অনেক বড় পণ্ডিত। তা উনি আমাদের নেত্রীকে কটাক্ষ না-করে শান্তিপ্রতিষ্ঠার ব্যাপারে উদ্যোগ নিচ্ছেন না কেন?'

সংসদের চলতি অধিবেশনের গোড়া থেকেই বিরোধীদের সে ভাবে কক্ষ সমন্বয় করতে দেখা যায়নি। এমনকি কক্ষ সমন্বয় এবং সংসদে 'ইন্ডিয়া'র রণকৌশল ঠিক করতে যে বৈঠকের ডাক দেওয়া হয়েছিল, তাতেও গরহাজির থাকে তৃণমূল। কংগ্রেস রাহুলের নেতৃত্বে আদানি 'ঘুষকাণ্ড' নিয়ে লোকসভা এবং রাজ্যসভায় ঝড় তুলতে চাইছে। কিন্তু দিনের পর দিন সংসদ অচল করা নিয়ে প্রশ্ন তুলেছে তৃণমূল। তৃণমূল সূত্রে আগেই জানা যায়, সংসদ অচল করে দেওয়ার কংগ্রেসের কৌশলে সায় নেই দলের শীর্ষ নেতৃত্বের। আদানি-বিরোধী বিক্ষোভে দলের আপত্তি নেই। কিন্তু কংগ্রেস, আরও স্পষ্ট করে বললে রাহুল যে ভাবে নির্দিষ্ট কিছু বিষয়কে সামনে রেখে বাকি বিরোধীদেরও তাতে শামিল হতে বলছেন, তাতে আপত্তি রয়েছে তৃণমূলের। রাজ্যের শাসকদলের তরফে প্রকাশ্যেই বলা হয়, একটিমাত্র বিষয় নিয়ে সংসদ বানচাল করার ঘোর বিরোধিতা করছে তারা। বরং রাজ্যের প্রতি 'কেন্দ্রের বঞ্চনা' এবং দেশের অন্য সমস্যাগুলির বিষয়ে তারা সংসদে বেশি সরব হতে চায় বলে ইঙ্গিত দেয় তৃণমূল।

সব মিলিয়ে কংগ্রেসের সঙ্গে তৃণমূল বা এসপির 'দূরত্ব' এই মুহূর্তে প্রকট। আপও দূরত্ব রেখেই চলছে। লোকসভায় সাংসদ সংখ্যার বিচারে বিরোধী জোটের বৃহত্তম দল কংগ্রেস (৯৯)। দ্বিতীয় এবং তৃতীয় বৃহত্তম দল যথাক্রমে এসপি (৩৭) এবং তৃণমূল (২৯)। কিন্তু এই দুই দলের সঙ্গেই সংসদের ভিতরে ও বাইরে কৌশলগত প্রশ্নে কংগ্রেসের সম্পর্ক তেমন 'মসৃণ' নয়। দিল্লি এবং পঞ্জাবের শাসকদল আপ-এর সঙ্গেও কংগ্রেসের 'দূরত্বের' কথা সুবিদিত। গত লোকসভা ভোটে দূরত্ব ভুলে অবশ্য দুই দল দিল্লিতে জোট করে লড়েছিল। সাফল্য মেলেনি। খুব বড় কোনও অদলবদল না-হলে আগামী বছরের গোড়ায় দিল্লির বিধানসভা ভোটে আলাদাই লড়বে কংগ্রেস এবং অরবিন্দ কেজরীওয়ালের দল। 'ইন্ডিয়া'য় যে-সমস্ত দলের সঙ্গে এখনও পর্যন্ত কংগ্রেসের সম্পর্ক 'মসৃণ', তাদের মধ্যে ডিএমকে (২২) ছাড়া কেউই সংসদীয় শক্তির বিচারে তেমন 'গুরুত্বপূর্ণ' নয়। আগামী দিনে কেন্দ্রের এনডিএ সরকার 'এক দেশ এক ভোট' বা ওয়াকফ সংশোধনী বিল সংসদে পাশ করানোর চেষ্টা করলে বিরোধীরা নিদেনপক্ষে ঐক্যবদ্ধ হয়ে 'লড়াই' দিতে পারবেন কি না, তা নিয়ে সংশয় রয়েছে বিরোধী সাংসদদের মধ্যেই।

# ইউনূসই বাংলাদেশে গণহত্যার মাস্টারমাইন্ড; গণহত্যা চাইনি, তাই ক্ষমতা ছেড়েছি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নিউ ইয়র্কে এক ভার্চুয়াল অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুহাম্মদ ইউনূসকে দেশে সংখ্যালঘুদের উপর হামলা এবং গণহত্যার পরিকল্পনাকারী হিসেবে অভিযুক্ত করলেন। তিনি বলেন, মন্দির, গির্জা এবং ইসকনের উপর সাম্প্রতিক আক্রমণগুলি ইউনূসের নেতৃত্বে পরিচালিত একটি সুপরিকল্পিত ষড়যন্ত্র।এ প্রসঙ্গে দেশ ছাড়ার আগের মুহূর্তের কথা তুলে ধরেন শেখ হাসিনা। বলেন, 'সশস্ত্র একটি দল গণভবনে তাঁকে হত্যা করার উদ্দেশ্যে আসে। যোগ করেন, 'ঠিক ১৯৭৫ সালের ১৫ আগস্টে আমাদের জাতির জনককে যেভাবে হত্যা করা হয়েছিল, ঠিক তেমন ভাবেই আমাকে হত্যার পরিকল্পনা করা হয়েছিল। এটি ছিল মাত্র ২৫-৩০ মিনিটের ব্যাপার। কিন্তু আমি আমার নিরাপত্তাকর্মীদের বলেছিলাম, গুলি চালাবেন না'!বাংলাদেশে ক্রমবর্ধমান অস্থিরতার মধ্যে শেখ হাসিনার এই মন্তব্য নতুন করে উত্তেজনা সৃষ্টি করেছে।

নিউ ইয়র্কে আওয়ামী লীগের কর্মীদের উদ্দেশে শেখ হাসিনার দেওয়া ভাষণে তিনি বলেন, 'আজ আমাকে গণহত্যার অভিযোগে অভিযুক্ত করা হচ্ছে। বাস্তবে মুহাম্মদ ইউনূসই তাঁর ছাত্র সংগঠনগুলির মাধ্যমে একটি সুপরিকল্পিত ষড়যন্ত্রের অংশ হিসেবে এই গণহত্যাগুলি পরিচালনা করেছেন। তারা সংখ্যালঘুদের টার্গেট করছে। লন্ডন থেকে তারেক রহমান (বিএনপি নেতা এবং খালেদা জিয়ার পুত্র) বলেছেন, 'মৃত্যুর সংখ্যা বাড়তে থাকলে সরকার টিকে থাকতে পারবে না।'

শেখ হাসিনা আরও অভিযোগ করেন, 'আজ শিক্ষকদের হত্যা করা হচ্ছে, পুলিসকে আক্রমণ করা হচ্ছে... হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টানরা টার্গেট হচ্ছেন। গির্জা এবং মন্দিরে হামলা চালানো হয়েছে। কেন এখন বাংলাদেশে সংখ্যালঘুদের টার্গেট করা হচ্ছে?' এ বক্তব্যের মধ্য দিয়েই বর্তমান অন্তর্বর্তী সরকারের নেতৃত্বে থাকা মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে তীব্র আক্রমণ শাণিয়েছেন হাসিনা।

শুধু তাই নয়, আরও সব বিস্ফোরক মন্তব্য করেন প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'গণহত্যা চাইনি, তাই ক্ষমতা ছেড়েছি'! হাসিনা দেশের সংকটময় মুহূর্তের কথা স্মরণ করে বলেন, 'আমি গণহত্যা চাইনি। যদি আমি ক্ষমতায় থাকতে চাইতাম, তবে গণহত্যা হত। যখন নির্বিচার মানুষ হত্যা হচ্ছিল, আমি সিদ্ধান্ত নিলাম, আমাকে চলে যেতে হবে। যদি আমার নিরাপত্তাকর্মীরা গুলি চালাতেন, গণভবনে অনেক মানুষ মারা যেতেন। আমি তা চাইনি।'

২ পাতার পর

# বাংলাদেশে হিন্দুদের উপর অত্যাচারের প্রতিবাদে ড: স্বপন দত্ত বাউল মহারাজ অযোধ্যায় গিয়ে প্রভু রামের চরণ তলে শান্তি সম্প্রীতির বার্তা দিলেন

শিল্পী আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন শিল্পী ড: স্বপন দত্ত বাউলের এমন নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সমাজ সচেতন ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে অযোধ্যায় ছুটে আসতে দেখে, প্রভু শ্রী রামের শরণাপন্ন হওয়া দেখে মুগ্ধ। গর্ভ ধারিনী মাতা মিনতী রানী দত্ত তার বাউল ছেলের মহতী উদ্যোগের পাশে শান্তি সম্প্রীতির বার্তার পাশে দাঁড়িয়ে এক মনমুগ্ধকর পরিবেশ উপহার দিলেন রামমন্দিরে আসা অগণিত ভক্তবৃন্দদের। স্বপন বাউল বলেন এর আগেও আমি রামমন্দির এসেছিলাম রামলালার ডাক পেয়ে আমি নিজের লেখা সুরে অযোধ্যায় রামমন্দিরে আগত ভক্তদের রাম ভজন গেয়ে মানুষের মন জয় করেছিলাম। আবার ডাক পেয়ে এবারে অযোধ্যায় রাম মন্দিরে এসেছি বাংলাদেশে হিন্দুদের উপর সংখ্যালঘুদের উপর অত্যাচার বন্ধ হোক শান্তি সম্প্রীতি রক্ষায় স্বয়ং ভগবান রামের শরণাপন্ন হয়ে প্রভু রামের উপর ভার দিলাম আমার বাউল গানে ও কথায় সচেতনের বার্তা দিয়ে।

১ পাতার পর

# রনংদেহি মুখ্যমন্ত্রী, কাদের কপাল পুড়তে চলেছে?

মেটাতে হবে। যার যেটুকু দোষত্রুটি আছে শুধরে নিন'। গ্রামে গ্রামে সর্বত্র পানীয় জল পৌঁছে দিতে তৎপর রাজ্য। ২০২৫ সালের মার্চ মাসের মধ্যে রাজ্যের প্রতিটি বাড়িতে পানীয় জল পৌঁছে দেওয়ার পরিকল্পনা নিয়েছে সরকার। সেই লক্ষ্যে সোমবার বিধানসভা থেকেই বাড়ি বাড়ি পানীয় জল পৌঁছনোর প্রকল্প নিয়ে সমস্ত জেলাশাসকের সঙ্গে প্রশাসনিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কয়েকটি দফতরের সচিবরাও সেই বৈঠকে উপস্থিত ছিলেন।

কিছুদিন আগেই মন্ত্রিসভার বৈঠক থেকেই কড়া পদক্ষেপের হুঁশিয়ারি দিয়েছিলেন মমতা। তারপর কাজ কতদূর এগিয়েছে তা জানতেই এই বৈঠক করা হয়। পি এইচ ই দফতর অর্থাত বাড়ি বাড়ি জল পৌঁছানো নিয়ে এক সপ্তাহে কি অগ্রগতি হল তা নিয়ে পর্যালোচনা বৈঠক করেন মুখ্যমন্ত্রী।বৈঠকে পানীয় জলের অপব্যবহার ইস্যু তুলে মমতা বলেন, ' নম্বর অফ লোকেশন যেখানে পানীয় জল অপব্যবহার হচ্ছেকেউ কেটে নিচ্ছে, কেউ নিজের সবজি খেতে নিচ্ছে, সে চাষ করুক আমরা চাই, তাকে নিশ্চয়ই হেল্প করব। তবে অন্য পদ্ধতিতে। এভাবে নয়।'' পানীয় জলের পাইপ কেটে জল কারচুপি নিয়ে বিরক্তি প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। বলেন, 'এটা অন্যায়। এটা করলে তার বিরুদ্ধে ক্রিমিনাল কেস হবে। তাকে কিন্তু পুলিশ গ্রেফতার করে আইনত ব্যবস্থা নিতে পারে।' মুখ্যমন্ত্রীর অনুরোধ, 'যারা এটা করছেন দয়া করে করবেন না।'




# রাজ্য সভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামীর নেতৃত্বে

## বাংলাদেশ হাইকমিশনে ডেপুটেশন দিয়ে উষ্মা প্রকাশ করলো অখিলভারত হিন্দুমহাসভার প্রতিনিধিমন্ডল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সম্প্রতি বাংলাদেশে অগ্নিগর্ভ পরিস্থিতিতে জিহাদী সন্ত্রাসবাদীদের দ্বারা সংখ্যালঘু হিন্দু এবং মডারেট মুসলমানদের উপর বর্বরোচিত আক্রমণ এবং ভারতের পতাকাকে পদদলিত করার জন্য রাজ্যসভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামীর নেতৃত্বে ডেপুটেশন দিয়ে অসন্তোষ প্রকাশ করলো ভারতবর্ষের অন্যতম প্রাচীন রাজনৈতিক দল অখিলভারত হিন্দুমহাসভার প্রতিনিধিমন্ডল। ইতিপূর্বেই বাংলাদেশে চিন্ময়কৃষ্ণ প্রভুকে অন্যায়ভাবে গ্রেপ্তার, তাঁর আইনজীবী রমেন রায়ের ওপর প্রাণঘাতী আক্রমণ এমনকি নারী ও শিশুরাও মৌলবাদীদের দ্বারা আক্রমণের শিকার হচ্ছেন বলে ভারতে চিকিৎসা করতে আসা বাংলাদেশীদেরকে সামাজিক ভাবে বয়কট করার পদক্ষেপ অখিলভারত হিন্দুমহাসভাই সর্বপ্রথম গ্রহণ করেছে। হিন্দুমহাসভার রাজ্য সভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামীর বক্তব্য আমরা একবারও বলছিনা যে বাংলাদেশ থেকে আসা সমস্ত মুসলমান ধর্মাবলম্বীরা খারাপ বা সন্ত্রাসবাদী। কিন্তু এটাও অস্বীকার করার উপায় নেই যে বাংলাদেশের নারকীয় গণহত্যা এবং ভারতীয় পতাকাকে পদদলিত করার পাপ যারা করছে তারা ইসলামিক মৌলবাদীদের ইন্ধনেই মদতপুষ্ট। তারা বিস্মৃত হয়েছে যে পৃথিবীর মানচিত্রে আজ স্বাধীন বাংলাদেশ বলে যে রাষ্ট্রের অস্তিত্ব রয়েছে সেটি ভারতীয় জওয়ানদের আত্মবলিদানের ফলেই জন্মলাভ করেছে। বাংলাদেশের পতাকার উদীয়মান সূর্যের লাল রঙ এত গাঢ় ঐ ভারতীয় জওয়ানদের চাপ চাপ রক্তের বিনিময়েই। তাই নিজের ও পরিজনের প্রাণ বাঁচাতে ভারতে আসা বাংলাদেশী মুসলমানরা সন্ত্রাসী জিহাদীদের পক্ষে নাকি তারা ধর্মনিরপেক্ষ মডারেট মুসলমানদের পক্ষে সেটা ম্যাগনিফাইং গ্লাস দিয়ে যাচাই করার দায়িত্ব ভারতীয়রা নিয়ে রাখেনি। দেশে ফিরে এই বাংলাদেশীদেরকেই ওই সন্ত্রাসীদের কলার ধরে বলতে হবে যে ওই সন্ত্রাসী মৌলবাদীরা আসলে মানবতার শত্রু। ওই নরপিশাচদের কুকর্মের জন্যই সারা পৃথিবীতে ইসলাম ধর্ম কালিমালিপ্ত হচ্ছে এবং বাংলাদেশীরা ঘৃণীত নিন্দিত হচ্ছে। তাই যতদিন না বাংলাদেশ ভারতের পতাকা মাথায় নিয়ে পারস্মরিক সম্মান দেখাচ্ছে এবং সরকারিভাবে ওদের দেশের নরপিশাচদের কৃতকর্মের জন্য ক্ষমা চাইছে ততদিন চিকিৎসা করতে আসা বাংলাদেশীদেরকে যাতে কোন হোটেল বা ঘর ভাড়া না দেওয়া হয়, যাতে কোন হোটেলে খাওয়ার খেতে না দেওয়া হয় এবং কোন দোকানে বাংলাদেশীদের কাছে যাতে কোন জিনিসও না বিক্রি করা হয় সেই বিষয়ে হিন্দুমহাসভা প্রচার চালাবে। হিন্দু মহাসভার রাজ্য কমিটির আইনি উপদেষ্টা অ্যাডভোকেট দীনেশ পানি বাংলাদেশে আইন ব্যবস্থার অবনতি এবং হিন্দু ও মডারেট মুসলমান আইনজীবীদের উপর আক্রমণের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান। তিনি আরও বলেন বাংলাদেশে যেভাবে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে তাতে অখিলভারত হিন্দুমহাসভা আগামী দিনে আন্তর্জাতিক আদালতে উপস্থিত হয়ে বাংলাদেশের অত্যাচারী রাষ্ট্রযন্ত্রের বিরুদ্ধে মামলা করতে বাধ্য হবে। বাংলাদেশ প্রসঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার বিধানসভায় কেন্দ্রসরকরকে প্রয়োজনে বাংলাদেশে শান্তিসেনা পাঠানোর যে বলিষ্ঠ প্রস্তাব দিয়েছেন তারও ভুয়সী প্রশংসা করেছেন হিন্দুমহাসভার রাজ্য সভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামী। আজ হিন্দুমহাসভার পক্ষ থেকে বাংলাদেশ হাইকমিশনে ডেপুটেশন দেওয়ার প্রতিনিধি মণ্ডলে রাজ্য সভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামী ছাড়াও আইনি উপদেষ্টা দীনেশ পানি, সমাজসেবী অনামিকা মন্ডল এবং অতনু বসুসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩২৬ সংখ্যা ০৪ ডিসেম্বর, ২০২৪ বুধবার ১৮ অগ্রহায়ণ, ১৪৩১

## সম্পাদকীয়

# উত্তর-পূর্ব ভারতকে টুকরো-টুকরো করব', ঢাকায় রাজাকার পড়ুয়াদের মিছিল থেকে হুঙ্কার

বাংলাদেশে বিপন্ন হিন্দুদের রক্ষাকর্তা চিন্ময় প্রভুর জামিন শুনানির আগেই হিন্দু নিধন যজ্ঞের সমর্থনে সোমবার (২ ডিসেম্বর) রাতে ঢাকায় মিছিল করল 'রাজাকার' পড়ুয়ারা। আর ওই মিছিল থেকে রাখঢাক না রেখেই হুঙ্কার ছাড়া হল- উত্তর-পূর্ব ভারতকে টুকরো-টুকরো করব ।সেই ডাকে সাড়া দিয়ে রাতেই রাজপথে নামে বিভিন্ন জঙ্গি সংগঠনের ছাত্ররা। পাকিস্তানি গুপ্তচর সংস্থা আইএসআইয়ের এজেন্ট হিসাবে পরিচিত বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, জাতীয় নাগরিক কমিটি ও ছাত্র অধিকার পরিষদের পক্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে জমায়েত করা হয়। তার পরে মিছিল বের করা হয়। মিছিলে শ্লোগান দেওয়া হয়, 'গোলামী না আজাদি, আজাদি আজাদি', 'আপস না সংগ্রাম, সংগ্রাম সংগ্রাম', 'দিল্লি না ঢাকা, ঢাকা ঢাকা', 'ভারতীয় আগ্রাসন, রুখে দাও জনগণ', 'হাইকমিশনে/আগরতলায় হামলা কেন, দিল্লি তুই জবাব দে', 'দালালি না রাজপথ, রাজপথ রাজপথ', 'আমরা কী চাই, আজাদি আজাদি', 'অ্যাকশন অ্যাকশন, ডাইরেক্ট অ্যাকশন'। মিছিল শেষে এক সভায় বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের সভাপতি তথা নব্য রাজাকার বাহিনীর শীর্ষ নেতা বিন ইয়ামিন মোল্লা হুঙ্কার ছেড়ে বলেন, 'বাংলাদেশের মানুষ যদি না খেয়েও মারা যায়, তবু দেশকে বিক্রি করব না। ভারত বাংলাদেশে নিয়ে খেললে আমরা সেভেন সিস্টার নিয়ে খেলব। আমাদেরকে ঐক্যবদ্ধ হামলায় সেভেন সিস্টার চূর্ণবিচূর্ণ হয়ে যাবে।'এমনকী ভারতের বিরুদ্ধে সরাসরি যুদ্ধ ঘোষণারও ডাক দেওয়া হয়। শ্লোগান দেওয়া হয়, 'অ্যাকশন, অ্যাকশন, ডাইরেক্ট অ্যাকশন'। মিছিলে অংশগ্রহণকারী পড়ুয়ারা ভারতের জাতীয় পতাকাও আগুনে পুড়িয়ে দেয়। সবচেয়ে লক্ষ্যণীয় হল, ভারতের জাতীয় পতাকা পোড়ানোর সময়ে নীরব দর্শক হয়ে দাঁড়িয়েছিল ঢাকা মহানগর পুলিশের সদস্যরা।বাংলাদেশে হিন্দু নিধন যজ্ঞের বিরুদ্ধে প্রতিবাদ জানানোয় মিথ্যা মামলায় ফাঁসিয়ে জেলে পোরা হয়েছে চট্টগ্রাম পুণ্ডরীক আশ্রমের প্রধান তথা ইসকন সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে। আর ওই গ্রেফতারি নিয়ে গত কয়েকদিন ধরে ঢাকার সঙ্গে দিল্লির রাজনৈতিক সঙ্ঘাত তুঙ্গে উঠেছে। বাংলাদেশে হিন্দু নিধন যজ্ঞের বিরুদ্ধে ওপারে প্রতিবাদ-আন্দোলন তুঙ্গে উঠেছে। সোমবারই আগরতলায় জঙ্গিমূলক কাজকর্মে ইন্ধন জোগানোয় অভিযুক্ত বাংলাদেশের সহকারী হাইকমিশন অফিসে চড়াও হয় ক্ষুব্ধ জনতা। বাংলাদেশের জাতীয় পতাকা নামিয়ে ছিঁড়ে ফেলা হয়। ওই ঘটনার প্রতিবাদে বাংলাদেশিদের সরব হওয়ার আর্জি জানায় মোল্লা মুহাম্মদ ইউনূস সরকার।

# দেশব্যাপী আরবিআই৯০ ক্যুইজের মধ্য দিয়ে

## রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া তাদের ৯০তম বর্ষপূর্তি পালন করছে, আঞ্চলিক পর্যায়ে এই প্রতিযোগিতা আগামীকাল

কলকাতা, ০৩ ডিসেম্বর, ২০২৪

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া তাদের কার্যকালে ৯০ বছর পূর্তি উদযাপন করছে। এই উপলক্ষ্যে দেশব্যাপী আরবিআই এর বিভিন্ন আঞ্চলিক অফিসে স্নাতক স্তরের নীচে পড়ুয়াদের মধ্যে ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। এই প্রতিযোগিতাটির নাম দেওয়া হয়েছে আরবিআই৯০ ক্যুইজ। বিভিন্ন পর্যায়ে এই ক্যুইজ প্রতিযোগিতা হচ্ছে। সেপ্টেম্বর মাসের ১৯ থেকে ২১ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গ ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জে বিভিন্ন কলেজের পড়ুয়াদের মধ্যে অনলাইন ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন হয়। সেখান থেকে নির্বাচিত ১৩৮ জন পড়ুয়ার ৬৯টি দল রাজ্য স্তরের প্রতিযোগিতায় অংশ নিচ্ছে।

পশ্চিমবঙ্গ ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের জন্য রাজ্যস্তরে আরবিআই৯০ ক্যুইজ কলকাতায় কয়েকদিন আগে আয়োজন করা হয়। আঞ্চলিক স্তরে এই প্রতিযোগিতা হবে আগামীকাল। রাজ্যস্তরের প্রতিযোগিতায় রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের শ্রী অগ্নিক দেবনাথ ও শ্রী শুভার্থী দত্ত বিজয়ী হন। দ্বিতীয় স্থান অধিকার করে প্রভু জগৎবন্ধু কলেজ এবং তৃতীয় স্থান পায় পশ্চিমবঙ্গের স্বাস্থ্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়। প্রথম তিন স্থানাধিকারীরা যথাক্রমে ২ লক্ষ, ১.৫ লক্ষ এবং ১ লক্ষ টাকা করে আর্থিক পুরস্কার পেয়েছেন। বিজয়ী দল এখন আগামীকাল আয়োজিত আঞ্চলিক পর্যায়ের প্রতিযোগিতায় অংশ নেবে। জাতীয় স্তরে চূড়ান্ত প্রতিযোগিতা হবে মুম্বাইয়ে।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তাই লোহা দেখলে লক্ষ্মী ত্যাগ করে যান।লক্ষ্মীপূজায় ঘণ্টা বাজাতে নেই। লক্ষ্মীকে তুলসীপাতা দিতে নেই। কিন্তু লক্ষ্মীপূজার পর একটি ফুল ও দুটি তুলসীপাতা দিয়ে নারায়ণকে পূজা করতে হয়। লক্ষ্মীপূজা সাধারণত সন্ধ্যাবেলা করে, তবে অনেকে সকালেও করে থাকেন। সকালে করলে সকাল ন-টার মধ্যেকরে নেওয়াই ভাল। পূজার পর ব্রতকথা পাঠ করতে হয়।

**ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



মৃত্যুঞ্জয় সরদার

(একাদশ পর্ব)



পুরুষমূর্তি। অর্থাৎ কালীমূর্তির খানিকটা আদল।

কেবলমাত্র বৈদিক পৌরাণিক নথি দেখলেও কালীর প্রাচীনত্ব প্রমাণিত হয়। সুকুমার সেন বলেন যে ঊষা ও নিশার উপাসনা অত্যন্ত প্রাচীন, এবং এই নিশা বা রাত্রি থেকে কালীর উত্থান ঘটেছে, এরকম ইঙ্গিত আছে। সুকুমার কালীর তিনটি রূপকল্পনার কথা উল্লেখ করেন। প্রথম, "ঋগ্বেদের নক্‌ৎ-কৃষ্ণী, যিনি পৌরাণিক মহাদেবীর খোলসের মত"; মার্কণ্ডেয় পুরাণে ইনিই "শুম্ভ নিশুম্ভ বধের কাহিনীতে 'কালিকা' অর্থাৎ কালো মেয়ে" (৩: ১২৯)।

দ্বিতীয় কালীরূপ সুকুমার সেন খুঁজে পাচ্ছেন যখন ইনি নিছক আবরণ থেকে পূর্ণাঙ্গ রূপ ধারণ করছেন, যখন মহাদেবীর ললাট থেকে কালী বেরিয়ে আসেনঃ "শুম্ভনিশুম্ভের সেনাপতিদ্বয় চণ্ড ও মুণ্ড যখন দেবীর বাহিনীকে হারিয়ে দিচ্ছিল তখন দেবীর ক্রোধ যেন কালীর বীভৎস মূর্তি ধরে বেরিয়ে আসে ও চণ্ড-মুণ্ডকে হত্যা করে। তার মুখ ভয়ঙ্কর। তলোয়ার ও ফাঁস নিয়ে। বিচিত্র ঢাল ধরে। মানুষ (অর্থাৎ মানুষের মুণ্ড বা অঙ্গ) মালা করে পরে, বাঘের ছাল জড়িয়ে। গায়ের মাংস শুকিয়ে গেছে। অত্যন্ত ভয়ঙ্কর দেখতে। মুখে প্রকাণ্ড হাঁ। জিব ভয়ঙ্করভাবে লক্‌লক করছে। বসে গেছে লাল চোখ। ডাকে চারদিক মুখরিত" (৩: ১৩০)।

তৃতীয় কালীরূপ কালিদাসের কুমারসম্ভব কাব্যে নির্দেশ করেন সুকুমার, যখন শিবের বরযাত্রী হয়ে "নরাস্থি -অলঙ্কার পরা কালী"কে দেখা যাচ্ছে, যিনি শিবের গণের একজন, নন্দী ভৃঙ্গীর মত (৩: ১৩৩)। আর্যাবর্তের এই তিনটি কল্পনাতেই কালী প্রান্তিক, এবং মুখ্য চরিত্রের পাশে গৌণ পার্শ্বচরিত্র।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# বোমা মেরে তাজমহল উড়িয়ে দেয়ার হুমকি, আতঙ্কে ছুটলেন পর্যটকরা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



তাজমহল উড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়েছে। আজ মঙ্গলবার ভারতের উত্তরপ্রদেশ রাজ্যের পর্যটন দফতরে ইমেলে হুমকিবার্তা আসতেই হুলস্থুল পড়ে যায়। তড়িঘড়ি তাজমহল থেকে পর্যটকদের সরিয়ে তল্লাশি চালানো হয়। পুলিশ সূত্রে খবর, তাজমহলে তন্ন তন্ন করে তল্লাশি চালিয়েও সন্দেহজনক কিছু পাওয়া যায়নি বলে জানিয়েছে স্থানীয় পুলিশ। প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে, এটি ভুয়া ইমেল ছিল।

তাজমহলের নিরাপত্তার দায়িত্বে থাকা এসিপি সৈয়দ আরিব আহমেদ বলেন, 'পর্যটন দফতরে ইমেলে হুমকিবার্তা এসেছে। তার ভিত্তিতে তাজগঞ্জ থানায় একটি অভিযোগ দায়ের করে তদন্ত শুরু হয়েছে।' হুমকিবার্তা আসার পরই তাজমহলে পৌঁছয় বম্ব স্কোয়াড, দমকল এবং পুলিশ। ডগ স্কোয়াডকেও খবর দেওয়া হয়। পর্যটকদের নিরাপদ স্থানে সরিয়ে তাজমহলে তল্লাশি চালানো হয়।

এসিপি জানিয়েছেন, ইমেলে যে হুমকিবার্তা পাঠানো হয়েছে, সেই অনুযায়ী কোনও সন্দেহজনক জিনিস পাওয়া যায়নি। কোথা থেকে এই ইমেল এসেছে তা খতিয়ে দেখা হচ্ছে। অভিযুক্তকে দ্রুত চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে। রাজ্যের পর্যটন দফতরের কর্মকর্তা দীপ্তি বৎস জানিয়েছেন, হুমকিবার্তা পাওয়ার পরই আগ্রা পুলিশকে বিষয়টি জানানো হয়। তার পরই তারা প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।

ভারতের বহু রাজ্যে গত কয়েক মাস ধরে কখনও স্কুলে, কখনও কলেজ এমনকি হোটেলেও হুমকিবার্তা পাঠানোর ঘটনা ঘটেছে। বিভিন্ন বিমান সংস্থাগুলিতেও হুমকিবার্তা পাঠানো হয়েছে বার বার। এ বার সেই তালিকায় যুক্ত হল তাজমহল।

# ত্রিপুরায় সহকারী হাইকমিশনে হামলার ঘটনায় ৩ পুলিশ বরখাস্ত, আটক ৭




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতের উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্য ত্রিপুরার আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশনে হামলার ঘটনায় সাতজনকে আটক করেছে দেশটির আইন-শৃঙ্খলা বাহিনী। এছাড়া দায়িত্বে অবহেলার অভিযোগে ত্রিপুরার তিন পুলিশ সদস্যকে বরখাস্ত করা হয়েছে। আজ মঙ্গলবার এ তথ্য জানানো হয়।

আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশনে হামলা ও ভাঙচুরের ঘটনায় ত্রিপুরা সরকার মঙ্গলবার তিন পুলিশ সদস্যকে বরখাস্ত এবং একজন সিনিয়র পুলিশ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। এছাড়া ঘটনায় জড়িত থাকার অভিযোগে সাতজনকে আটক করেছে আইন-শৃঙ্খলা বাহিনী।

ত্রিপুরার একজন সিনিয়র পুলিশ কর্মকর্তা বলেন,ওসোমবারের ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছে বিজেপি সরকার। এ ঘটনায় সাব-ইন্সপেক্টর দিলু জামাতিয়া, দেবব্রত সিনহা ও জয়নাল হোসেনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এছাড়া সহকারী কমান্ড্যান্ট কান্তি নাথ ঘোষকে বদলি করা হয়েছে। দায়িত্বে অবহেলার অভিযোগে চার কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে বলেও জানান ওই কর্মকর্তা।

এদিকে কূটনৈতিক মিশনে হামলার ঘটনার পর আগরতলায় বাংলাদেশ মিশনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহা এ ঘটনার নিন্দা জানিয়েছেন। এক বিবৃতিতে তিনি বলেন, শান্তিপূর্ণ প্রতিবাদের অনুমতি থাকলেও এ ধরনের কাজ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

বাংলাদেশে সংখ্যালঘুদের নিপীড়নের অভিযোগ এবং সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে গ্রেফতারের প্রতিবাদে গতকাল সোমবার আগরতলায় বাংলাদেশ অ্যাসিস্ট্যান্ট হাই কমিশনে ভাঙচুরের ঘটনা ঘটেছে।

# ভারত-বাংলাদেশ সীমান্তে ২.১ কেজি স্বর্ণের বার জব্দ, গ্রেফতার ১



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারত ও বাংলাদেশের সীমান্তে পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা ও মালদা জেলায় দুইটি পৃথক অভিযানে ২.১ কেজি স্বর্ণের বার জব্দ করেছে বিএসএফ। দুইটি অভিযানে বিএসএফ দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের সদস্যরা মোট ১৮টি স্বর্ণের বার জব্দ করে। সোমবার রাজ্যটির উত্তর ২৪ পরগনা জেলার বিএসএফের ১৪৩ তম ব্যাটালিয়নের তারালী-১ বর্ডার ফাঁড়ির কাছে ৬ টি স্বর্ণের বারসহ এক চোরাকারবারীকে আটক করা হয়। বিএসএফ জানিয়েছে, স্বর্ণ চোরাচালান সংক্রান্ত সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে তারালী-১ সীমান্ত ফাঁড়িতে নিয়োজিত সদস্যরা হাকিমপুর চেকপয়েন্টে নজরদারি বাড়ায়। সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে বিএসএফ সদস্যরা চেকপয়েন্টে সন্দেহভাজন মোটরসাইকেল চালককে আটক করে। ব্যক্তি ও মোটরসাইকেলের পুঙ্খানুপুঙ্খ তল্লাশির সময় বাইকের ফুয়েল ট্যাঙ্কের ভেতর লুকিয়ে রাখা ছয়টি স্বর্ণের বার পাওয়া যায়। সন্দেহভাজন ব্যক্তিকে সঙ্গে সঙ্গে স্বর্ণসহ হেফাজতে নেওয়া হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃত চোরাকারবারী বাংলাদেশের এক অজ্ঞাত চোরাকারবারীর কাছ থেকে স্বর্ণ নেওয়ার কথা স্বীকার করেছে। তাকে এটি বিথারি এলাকায় অন্য একজন চোরাকারবারীর কাছে পৌঁছে দেওয়ার দায়িত্ব দেওয়া হয়েছিল, যার জন্য তাকে ১২০০ রুপি দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। তবে হস্তান্তর করার আগেই বিএসএফ কর্মীরা তাকে আটকে দেয়। গ্রেফতারকৃত চোরাকারবারী, ছয়টি স্বর্ণের বারসহ তেঁতুলিয়ায় কাস্টমস বিভাগের কাছে হস্তান্তর করা হয়। অন্যদিকে একই দিনে মালদার ১১৫তম ব্যাটালিয়নের বয়রাঘাট বর্ডার ফাঁড়ির জওয়ানরা নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে বোলতলা ঘাটে তল্লাশি অভিযান চালায়। অভিযানের সময় একজন সন্দেহভাজন মোটরসাইকেল আরোহীকে কাছে আসতে দেখা যায়। পরে ওই ব্যক্তি বাইকটি ফেলে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। বিএসএফ দল বাইকের সেল্ফ-স্টার্ট মেকানিজমের ভিতরে লুকানো ১২টি স্বর্ণের বার উদ্ধার করে। মালদায় জব্দ করা ১২টি স্বর্ণের বার আরও তদন্তের জন্য জঙ্গিপুরের কাস্টমস বিভাগের কাছে হস্তান্তর করা হয়।

জব্দ করা ১৮ টি স্বর্ণের মোট ওজন ২.১ কেজি, যার আনুমানিক বাজার মূল্য ১.৬২ কোটি রুপি।

# সিনেমার খবর

# অবশেষে ভেঙে গেল ধানুশ-ঐশ্বরিয়ার ১৮ বছরের সংসার





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ২০২২ সালের শুরুতে ১৮ বছরের দাম্পত্য জীবনের ইতি টানার ঘোষণা দেন ধানুশ-ঐশ্বরিয়া। তারপর পরিবার এবং আদালত ভাঙা সংসার জোড়া লাগানোর চেষ্টা বহুবার করেও ব্যর্থ হয়েছেন। অবশেষে গতকাল আনুষ্ঠানিকভাবে আলাদা হয়ে গেলেন এই তারকা জুটি। খবর এনডিটিভির।

গত ২১ নভেম্বর তাদের বিবাহ বিচ্ছেদ মামলার শুনানি ছিল। সেদিন কোনো রায় না দিয়ে ২৭ নভেম্বর নতুন তারিখ নির্ধারণ করেন আদালত। পরে গতকাল নির্ধারিত তারিখে ধানুশ-ঐশ্বরিয়ার বিচ্ছেদের আবেদন গ্রহণ করেন চেন্নাই পারিবারিক আদালত। জানা গেছে, সোশ্যাল মিডিয়ায় ঘোষণা দেওয়ার পর পারিবারিক আদালতে বিচ্ছেদের আবেদন করেছিলেন ধানুশ-ঐশ্বরিয়া। এরপর তিনটি শুনানি অনুষ্ঠিত হয়। সমঝোতার মাধ্যমে দূরত্ব কমিয়ে পুনরায় সংসার করার পরামর্শ দেন আদালত। কিন্তু ধানুশ ও ঐশ্বরিয়া পুনরায় সংসারে ফেরার সিদ্ধান্ত নিতে তিনবারই ব্যর্থ হন। গতকাল চূড়ান্ত শুনানিতে আদালতে উপস্থিত ছিলেন ধানুশ ও ঐশ্বরিয়া। পারিবারিক আদালতের বিচারক শোভা দেবী শেষবারের মতো তাদের সিদ্ধান্তের কথা জানতে চান। কিন্তু ধানুশ-ঐশ্বরিয়া আলাদা হয়ে যাওয়ার ইচ্ছাই প্রকাশ করেন। এরপর রায় দেন আদালত।

উল্লেখ্য, ঐশ্বরিয়া রজনীকান্ত তামিল সিনেমার কিংবদন্তি অভিনেতা রজনীকান্তের বড় মেয়ে। ২০০৪ সালের ১৮ নভেম্বর ধানুশ ও তার বিয়ে হয়। এই দম্পতির দুই ছেলে যাত্রা ও লিঙ্গা।

# সিক্যুয়েল আসছে অস্কারজয়ী স্লামডগ মিলিয়নেয়ার!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ২০০৮ সালে মুক্তি পেয়েছিল 'স্লামডগ মিলিয়নেয়ার।' করেছিল ড্যানি বয়েলের এই চলচ্চিত্রটি জয় করে নিয়েছিল অস্কারের মতো সম্মানজনক পুরস্কার। এরপর কেটে গিয়েছে ১৭ বছর। এবার পর্দায় আসতে চলেছে 'স্লামডগ মিলিয়নেয়ার'-এর সিক্যুয়াল? সম্প্রতি মিলেছে এমনই ইঙ্গিত।

নতুনভাবে চালু হওয়া প্রোডাকশন কোম্পানি 'ব্রিজ ৭' স্লামডগ মিলিয়নিয়ারের সিক্যুয়াল ও টিভি স্বত্ব কিনে নিয়েছে। 'ডেডলাইন'-এর প্রতিবেদন অনুসারে, লস অ্যাঞ্জেলেসভিত্তিক এ কোম্পানিটি পরিচালনা করছেন প্রযোজক স্বতী শেঠি এবং অভিজ্ঞ সিএএ এজেন্ট গ্রান্ট কেসম্যান। তারা এ স্বত্বটি কিনেছেন যুক্তরাজ্যভিত্তিক কোম্পানি সেলাডর থেকে। এদিকে সেলাডর ব্রিজ ৭-এর সঙ্গে মিলে 'স্লামডগ মিলিয়নেয়ার'র সিক্যুয়ালের কাজ শুরু করতে যাচ্ছে। তবে এ বিষয়ে বিস্তারিত কিছু প্রকাশ করা হয়নি। স্বতী শেঠি এবং গ্রান্ট কেসম্যান একটি যৌথ বিবৃতিতে বলেছেন, 'কিছু গল্প সারা জীবন আমাদের মনে থাকে, স্লামডগ মিলিয়নিয়ার তেমনই একটি গল্প যেটা ভুলে যাওয়ার নয়। এটা সেই ধরনের গল্প, যা বিনোদনকে গভীর মানবিক অভিজ্ঞতার সঙ্গে সংযুক্ত করে।' ড্যানি বয়েল পরিচালিত স্লামডগ মিলেয়নেয়ার সিনেমাটিতে প্রধান ভূমিকায় অভিনয় করেন দেব প্যাটেল ও ফ্রিদা পিন্টো।সে সময় সিনেমাটি জিতেছিল আটটি অস্কার পুরস্কার, এর মধ্যে সেরা পরিচালক এবং সেরা সিনেমার পুরস্কারও ছিল।

এই চলচ্চিত্রের গল্পটি মুম্বাইয়ের দুই দরিদ্র ছেলে জামাল এবং সেলিমের জীবনকে কেন্দ্র করে। যাদের একটি মেয়ের সঙ্গে পরিচিত হয়, যার নাম লতিকা। অনিল কাপুরের অভিনীত জনপ্রিয় গেম শো হোস্ট প্রেম কুমারের চরিত্রটি এ সিনেমার একটি গুরুত্বপূর্ণ দিক ছিল। কাহিনিটি তাদের জীবন সংগ্রামের মধ্যে দিয়ে এগিয়ে চলে, যার মধ্যে রয়েছে ধর্মীয় দাঙ্গায় তাদের মায়ের মৃত্যু এবং দারিদ্র্য কাটিয়ে ওঠার সংগ্রাম।

সিনেমার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ ছিল জামালের 'হু ওয়ান্টাস টু বি অ্যা মিলিয়নিয়ার' গেম শোতে অংশগ্রহণ করা, যেখানে সে ২৫ মিলিয়ন রুপি জিতে নেয় এবং তার এই জয় ছবিতে লাখ লাখ মানুষের অনুপ্রেরণা হয়ে ওঠে।

৮২তম অস্কার অনুষ্ঠানে ঝড় তুলে দিয়েছিল 'স্লামডগ মিলিয়নেয়ার।' ২০০৫ সালে বিকাশ স্বরূপের উপন্যাস 'কিউ অ্যান্ড এ'-এর উপর ভিত্তি করে ছিল সিনেমার মূল গল্প। অস্কার মঞ্চে শ্রেষ্ঠ সংগীত পরিচালক হিসেবে পুরস্কার পান এ আর রহমান।

# আমি শুধুই ওর হাতের পুতুল: অভিষেক



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গত কয়েক মাস ধরে জল্পনা, বিচ্ছেদের পথ বেছে নিচ্ছেন অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রায় বচ্চন। যদিও এই প্রসঙ্গে দু'জনেরই মুখে কুলুপ। কোনও প্রতিক্রিয়া মেলেনি উভয়ের পক্ষ থেকে। সম্প্রতি মেয়ে আরাধ্যা বচ্চনের জন্মদিন গেছে। ঐশ্বরিয়া সেদিন সামাজিক যোগাযোগ মাধ্যমে মেয়ের একগুচ্ছ ছবি দিলেও নীরব ছিলেন বাবা অভিষেক। আসলে বচ্চন পরিবারের অন্দরের সমীকরণ নিয়ে নানা জল্পনা। আকারে ইঙ্গিতে নানা বার্তা প্রকাশ্যে এসেছে।

ক্যারিয়ারে যেমন সাফল্যের স্বাদ পেয়েছেন, তেমনই ব্যর্থতারও সাক্ষী থেকেছেন অভিষেক বচ্চন। এক সময় পরপর ছবি ফ্লপ করেছে অভিষেকের। কঠিন সময়ে অভিনেতা নাকি অভিনয় ছাড়ারও সিদ্ধান্ত নিয়ে ফেলেন। তবে শেষ মুহূর্তে সিদ্ধান্ত বদল করেন। সম্প্রতি, 'আই ওয়ান্ট টু টক' ছবিতে অভিষেকের অভিনয় দর্শকের প্রশংসা কুড়িয়েছে।

অভিষেক বলেন, 'ক্যারিয়ারে তখন পর পর অনেকগুলো ছবি ব্যর্থ হয়েছে। সমালোচকেরা আমাকে বিদ্ধ করছিলেন। ইন্ডাস্ট্রির তাবড় তাবড় পরিচালকের ছবিতে কাজ করতে শুরু করি। ভেবেছিলাম অবস্থা বদলাবে। কিন্তু কিছুই হচ্ছিল না।'

তার পর আর উপায় না দেখে বাবা অমিতাভ বচ্চনের শরণাপন্ন হন অভিষেক। বদলে যায় জীবন। সুজিত সরকারের ছবিতে মুখ্য চরিত্রে অভিনয় করেন অভিষেক। পরিচালকের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা প্রসঙ্গে অভিষেক বলেন, 'আমি সেটাই করেছি যেটা আমার পরিচালক বলেছেন। এই ক্ষেত্রে পুরো কৃতিত্ব সুজিতের। আমি শুধুই ওর হাতের পুতুল।' অভিষেক জানান, প্রতিটি ছবিতেই অনেক পরিশ্রম থাকে। কাজ এমন করাই উচিত যা কেরিয়ারের মোড় ঘুরিয়ে দেবে। অভিনেতা হিসাবে এই চেষ্টাই করে যেতে হবে, এমনই বিশ্বাস অভিষেকের।



# ভেঙেছে প্রেম, আদিত্যকে ধরে রাখতে যা করেছেন অনন্যা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুবছর ধরে আদিত্য রায় কাপুর অনন্যা পাণ্ডের প্রেমের গুঞ্জন নিয়ে মত্ত ছিল বলিউড। তারকা জুটিকে একসঙ্গে বিদেশে ছুটিও কাটাতে দেখা গিয়েছিল। কিন্তু সুখের এই সময় দীর্ঘ হয়নি। আচমকা আদিত্য-অনন্যার সম্পর্কে ফাটল ধরেছে।

আদিত্য রায় কাপুরকে যে মনেপ্রাণে দিয়ে ভালোবাসতেন তা মাঝে মধ্যেই অনন্যা পাণ্ডের চোখে, মুখে প্রকাশ পায়। তাই যখনই প্রেম নিয়ে কথা বলতে শুরু করেন তখনই তার কথায় চলে আসে পুরনো প্রেমের ঠিক-ভুলের বিষয়। কফি উইথ করণ শো'তে গিয়ে প্রেম ভাঙা নিয়ে কথও বলে অনন্যা। ব্যর্থ প্রেমের জন্য আকার-ইঙ্গিতে আদিত্যকে দায়ী করেছেন চাঙ্কিকন্যা।

অনন্যা বলেন, আগের সম্পর্কের টিকে রাখার জন্য নিজেকে অনেকটা বদলে ফেলেছিলাম। ভেবেছিলাম, এতেই তিনি খুশি হবেন। তবে বুঝলাম, এভাবে নিজেকে বদলে ফেললে সম্পর্ক আর সম্পর্ক থাকে না। আমার মনে হয়, যেকোনও সম্পর্কে বন্ধুত্বই আসল। সেটা থাকলে সম্পর্ক এমনিতেই এগিয়ে যায়। আলাদা পরিশ্রম করতে হয় না। তারপর থেকেই বড় সিদ্ধান্ত।

আদিত্যর সঙ্গে দূরত্ব তৈরির কিছুদিন পরই ওয়ালকার ব্লাঙ্কোর সঙ্গে অনন্যার প্রেমের গুঞ্জন শোনা যায়। অনন্ত আম্বানির বিয়েতে গিয়ে নাকি নতুন প্রেমিককে খোঁজ পান চাঙ্কিকন্যা।

সেসময় গুঞ্জন ছিল, বিয়ের আনন্দের মাঝে অনন্যা ও ব্লাঙ্কো নাকি অন্তরঙ্গ সময়ও কাটিয়েছে। শুধু তাই নয়, নতুন বয়ফ্রেন্ডকে অনন্যার এতটাই পছন্দ হয়েছে যে, তার নামে লকেটও বানিয়ে ফেলেছেন অভিনেত্রী।

# সোনাক্ষীর দাম্পত্য নিয়ে যে মন্তব্য করলেন তার মা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি বছরে গাঁটছড়া বেঁধেছেন বলিউডের জনপ্রিয় অভিনেত্রী সোনাক্ষী সিনহা ও অভিনেতা জাহির ইকবাল। দীর্ঘ দিন সম্পর্কে থাকার পরে চার হাত এক করেছেন তারা। ভিনধর্মে বিয়ে নিয়ে বিতর্কও কম হয়নি। তবে নিন্দুকদের মুখ বন্ধ করে সুখের মুহূর্তের ছবি প্রায়ই সামাজিক যোগাযোগমাধ্যমে ভাগ করে নেন তারকা দম্পতি। এবার মেয়ের দাম্পত্য নিয়ে মুখ খুললেন তার মা পুনম সিনহা।

কপিল শর্মার অনুষ্ঠানে শত্রুঘ্ন সিনহার সঙ্গে এসেছিলেন স্ত্রী পুনম। সেখানেই দাবি করলেন, জাহির নয়। সোনাক্ষীই নাকি বেশি ভালবাসেন জাহিরকে। পুনম বলেন, “আমার মা বলতেন, তাকেই বিয়ে করবে, যে তোমাকে বেশি ভালবাসে। আমি কিন্তু সেটাই করেছি। কিন্তু আমার মেয়ে এটা কী করল? এমন একজনকে বিয়ে করল, যাকে ও বেশি ভালবাসে।”

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সোনাক্ষীও। মায়ের কথা শুনে তিনি সঙ্গে সঙ্গে বলে ওঠেন, “এটা নিয়ে তর্ক হতে পারে। জাহির মনে করে, ও আমাকে বেশি ভালবাসে। আবার আমি মনে করি, আমি জাহিরকে বেশি ভালবাসি। কোন সত্যকে মান্যতা দেওয়া হবে, সেটা একটা বিষয়।”

এই কথোপকথনের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। পুনমের মন্তব্যের সমালোচনাও করেছেন নেটাগরিকের একাংশ। তবে বিষয়টি সামাল দেওয়ায় সোনাক্ষীর প্রশংসা হচ্ছে নেটপাড়ায়। এক নেটাগরিকের কথায়, “সোনাক্ষী খুব ভাল সামাল দিয়েছেন পরিস্থিতি। সত্যিই ছেলেটার (জাহির) জন্য খারাপ লাগছিল।”

আরেক নেটাগরিকের কথায়, “পুরো এপিসোডটা দেখেই খুব অস্বস্তি হচ্ছিল।”

চলতি বছরের ২৩ জুন বিয়ের পিঁড়িতে বসেছেন সোনাক্ষী ও জাহির। তবে কোনও ধর্মীয় আচার ছিল না তাদের বিয়েতে। আইনি বিয়ে সেরে এক বড় প্রীতিভোজের আয়োজন করেছিলেন এই তারকা দম্পতি।

## শখের বশে আইপিএলে

# নাম দিয়ে দল পেলেন কিউই ব্যাটার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জাতীয় দলের হয়ে এখনও খেলার সুযোগ পাননি বেভন জ্যাকবস। ঘরোয়া ক্রিকেটেও বিশেষ কিছু অর্জন করতে পারেননি তিনি। তাই যখন আইপিএল নিলামে নাম দেন, তখন দল পাওয়ার কোন সম্ভাবনাও ভাবেননি। আসলে তিনি শুধু শখের বশে নিলামে নাম দিয়েছিলেন। কিন্তু মুম্বাই ইন্ডিয়ানস সেই জ্যাকবসকে ৩০ লাখ রুপিতে কিনে নেয়। আইপিএলে দল পাওয়ার আশা না থাকায় নিলামও দেখেননি তিনি। পরে যখন জানানো হয়, তখন জ্যাকবস ভাবেন, সবাই তার সঙ্গে মজা করছে। জ্যাকবস বলেন, "এটা একটা বিস্ময়কর ঘটনা। সকালে ফোনের আওয়াজে ঘুম থেকে উঠি, এবং দেখি এটা একটা আনন্দের বিস্ময়। আমি খুব বেশি কিছু আশা করিনি, তবে এই সুযোগ পেয়ে আমি কৃতজ্ঞ।"

তিনি আরও বলেন, "আমি ভোর ৫.৩০-এ ঘুম থেকে উঠি। তখন আমার পরিবারের সদস্যদের বার্তায় ফোন ভর্তি হয়ে গিয়েছিল। তারা বিদেশে ছিল এবং সরাসরি সম্প্রচার দেখছিল। প্রথমে আমি ভেবেছিলাম, তারা আমার সঙ্গে মজা করছে।"

২২ বছর বয়সী এই কিউই ব্যাটারের ঘরোয়া টি-টোয়েন্টি ক্রিকেটে অভিষেক হয় ২০২৩ সালে। এখন পর্যন্ত ৯টি ম্যাচে ১৩৪ রান করেছেন, যার মধ্যে সর্বোচ্চ ইনিংস ছিল ৪২ রান। তার ব্যাটিং গড় ৩৩.৫০ এবং স্ট্রাইক রেট ১৮৮.৭৩।

## বিদায়ের শঙ্কায় রিয়াল,

# কোয়ালিফাই অঞ্চলের বাইরে পিএসজি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের নতুন ফরম্যাটে লিগ পর্বের ৮ ম্যাচের মধ্যে ৫ ম্যাচ খেলে ফেলেছে রিয়াল মাদ্রিদ। যেখান থেকে দলটি অর্জন করেছে ৬ পয়েন্ট। বর্তমানে তারা আছে তালিকার ২৪তম স্থানে। চ্যাম্পিয়ন্স লিগের নতুন ফরম্যাট অনুযায়ী, রাউন্ড অব সিক্সটিনে সরাসরি কোয়ালিফাই করতে হলে থাকতে হবে পয়েন্ট টেবিলের ১ম থেকে ৮ম অবস্থানের মাঝে। লিগ পর্বের বাকি যখন ৩ ম্যাচ। তখন সেই জায়গা থেকে অনেকটাই দূরে বর্তমান চ্যাম্পিয়নরা। নকআউটে ওঠার জন্য তাদের সামনে প্লে-অফ পর্ব যেমন চোখ রাঙাচ্ছে, তেমনি আরও হোঁচট খেলে আছে বিদায়ের শঙ্কাটাও। সবশেষ গতকাল রাতে অ্যানফিল্ডে লিভারপুলের বিপক্ষে ২-০ গোলে হেরে এসেছে লস ব্লাঙ্কোসরা। যেটা আবার ইংলিশ প্রতিপক্ষের বিরুদ্ধে তাদের ১৫ বছর পরে হার। এই হারের পর পয়েন্ট তালিকায় বাকিদের চেয়ে বেশ খানিকটা পিছিয়েই পড়েছে তারা। পরের তিন ম্যাচ থেকে তাদের সম্ভাব্য পয়েন্ট হতে পারে ১৫। যেখানে লিভারপুল এরইমাঝে ১৫ পয়েন্ট নিয়ে তালিকার শীর্ষে অবস্থান করছে।

যদিও রিয়াল মাদ্রিদের ভক্তদের খুব একটা দুশ্চিন্তা করতে হচ্ছে না পরের ম্যাচগুলো নিয়ে। যেখানে তাদের প্রতিপক্ষ হিসেবে মোটামুটি সহজ ৩টা দলই অপেক্ষা করছে। তাদের প্রতিপক্ষ আটালান্টা, সালজবুর্গ এবং এই মৌসুমের আলোচিত দল ব্রেস্ত। পয়েন্ট টেবিলে এদের মাঝে আটালান্টা আছে ৫ম স্থানে, সালজবুর্গের অবস্থান ৩২। আর ব্রেস্ত আছে ১১তম স্থানে। রিয়াল মাদ্রিদের মতোই একই অবস্থা ফ্রান্সের বড় ক্লাব প্যারিস সেইন্ট জার্মেইনের। বর্তমানে তারা আছে পয়েন্ট টেবিলের ২৫তম স্থানে। পরের তিন ম্যাচের মধ্যে সালজবুর্গের মুখোমুখি হবে তারাও। আছে ম্যানচেস্টার সিটি এবং জার্মান ক্লাব স্টুটগার্ড। ৫ ম্যাচ থেকে তাদের অর্জন ৪ পয়েন্ট। পরের ৩ ম্যাচ জিতলেও পিএসজি নিজেদের সেরা আটে খুঁজে পাবে এমন সম্ভাবনা নেই বললেই চলে।

জনপ্রিয় আর নামী অনেক ক্লাবই অবশ্য চ্যাম্পিয়ন্স লিগের এই ফরম্যাটে বেশ ধুঁকছে। বায়ার্ন মিউনিখের অবস্থান ১৩তম, অ্যাতলেটিকো মাদ্রিদ আছে ১৫তম স্থানে, এরপরেই আছে এসি মিলান ও ম্যানচেস্টার সিটি। মাঝে ডাচ ক্লাব পিএসভি আইন্দোভেনকে জায়গা দিয়ে তালিকার ১৯তম স্থানে আছে জুভেন্টাস। এখন পর্যন্ত চ্যাম্পিয়ন্স লিগের ৫ ম্যাচ শেষ করে শীর্ষ আটে আছে লিভারপুল, ইন্টারন্যাজিওনালে মিলান, বার্সেলোনা, বুরুশিয়া ডর্টমুন্ড, আটালান্টা, বায়ার লেভারকুসেন, আর্সেনাল এবং মোনাকো। শীর্ষ এই দল সরাসরি চলে যাবে নকআউটে। আর ৯ম থেকে ২৪তম স্থানে থাকা দলগুলো শেষ ষোলোতে ওঠার জন্য খেলবে প্লে-অফ পর্ব।

## 'পাকিস্তান ভারতে খেলবে,

# কিন্তু ভারত পাকিস্তানে খেলবে না, তা হবে না'



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যান মহসিন নকভি বলেছেন, 'পাকিস্তান ভারতে খেলতে যাবে, কিন্তু ভারত যদি পাকিস্তানে খেলতে না আসে, তাহলে তা গ্রহণযোগ্য হবে না।' চ্যাম্পিয়ন্স ট্রফির স্থান নির্ধারণ নিয়ে আইসিসির আগামী শুক্রবারের সভায় চূড়ান্ত সিদ্ধান্ত হবে। প্রয়োজন হলে ভোটাভুটির মাধ্যমে এই সমস্যা সমাধান করা হবে। পাকিস্তান একটিই শর্ত রেখেছে-ভারতের ম্যাচগুলো যদি অন্য জায়গায় (যেমন দুবাই) আয়োজন করা হয়, তবে বাকি ম্যাচগুলো পাকিস্তানে হবে। তবে, পাকিস্তান এই হাইব্রিড মডেল মেনে নিতে রাজি নয়। তারা চাইছে, টুর্নামেন্ট পুরোপুরি পাকিস্তানে অনুষ্ঠিত হোক। পিসিবি চেয়ারম্যান জানান, যদি ভারত চ্যাম্পিয়ন্স ট্রফি পাকিস্তানে খেলার ব্যাপারে সায় না দেয়, তাহলে ভবিষ্যতে পাকিস্তানও ভারতের মাটিতে খেলার ব্যাপারে নতুন দৃষ্টিভঙ্গি গ্রহণ করবে। তিনি বলেন, 'পাকিস্তান যদি ভারত সফর করতে পারে, তাহলে ভারত কেন পাকিস্তানে খেলতে যাবে না? এ বিষয়ে সমতার ভিত্তিতেই সিদ্ধান্ত নেওয়া উচিত। আমরা এই অবস্থান আইসিসি চেয়ারম্যান গ্রেগ বার্কলেকের কাছে জানিয়েছি।'

ভারত ২০০৮ সালের পর থেকে নিরাপত্তা ইস্যু তুলে পাকিস্তানে ক্রিকেট খেলা বন্ধ করে দিয়েছে, কিন্তু পাকিস্তান ভারত সফরে গিয়েছে। উদাহরণস্বরূপ, ২০২৩ সালে পাকিস্তান ওয়ানডে বিশ্বকাপে অংশ নিতে ভারতে গিয়েছিল। এদিকে, ভারত আগামী বছর নারীদের ওয়ানডে বিশ্বকাপ এবং ২০২৬ সালে পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপ আয়োজন করবে ভারত ও শ্রীলঙ্কার যৌথ উদ্যোগে। পিসিবি চেয়ারম্যান হুঁশিয়ারি দিয়েছেন, ভারত যদি চ্যাম্পিয়ন্স ট্রফি পাকিস্তানে না খেলে, তবে পাকিস্তানও ভারতের মাটিতে এই দুটি টুর্নামেন্ট নিয়ে নতুন সিদ্ধান্ত নেবে।

## কভেন্ট্রি সিটির নতুন প্রধান কোচ ফ্রাঙ্ক ল্যাম্পার্ড



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চ্যাম্পিয়নশিপের দল কভেন্ট্রি সিটির প্রধান কোচ হিসেবে দায়িত্ব পেয়েছেন সাবেক ইংলিশ মিডফিল্ডার ফ্র্যাঙ্ক ল্যাম্পার্ড। এ নিয়ে দেড় বছর পর কোচিংয়ে ফিরলেন তিনি। ইংল্যান্ডের দ্বিতীয় স্তরের ক্লাব কভেন্ট্রি সিটি তাঁকে আড়াই বছরের চুক্তিতে নিয়োগ দিয়েছে। আগের কোচ মার্ক রবিনসের স্থলাভিষিক্ত হয়েছেন ল্যাম্পার্ড। রবিনসকে বরখাস্ত করা হয় এই মাসের শুরুতে, যখন চ্যাম্পিয়নশিপের ১৪ ম্যাচের মধ্যে সাতটিতে হারের পর ক্লাবটির পারফরম্যান্স অবনতির দিকে চলে যায়। বর্তমানে কভেন্ট্রি সিটি চ্যাম্পিয়নশিপ টেবিলে ১৭ নম্বরে অবস্থান করছে এবং অবনমন অঞ্চল থেকে ২ পয়েন্ট উপরে রয়েছে।

ল্যাম্পার্ড ২০২৩ সালের মে মাসে চেলসির অন্তর্বর্তীকালীন কোচ হিসেবে দায়িত্ব শেষ করেন। এরপর থেকে তিনি কোচিংয়ের বাইরে ছিলেন। এর আগে ২০১৯ থেকে ২০২১ পর্যন্ত চেলসির প্রধান কোচের দায়িত্ব পালন করেন। ২০১৮ সালে ডার্বি কাউন্টি থেকে কোচিং ক্যারিয়ার শুরু করেন তিনি, এবং চেলসির দায়িত্বে থাকার পর ২০২২ সালে এক বছর প্রিমিয়ার লিগের দল এভারটনকে কোচিং করান।

## নাম এক, জন্মদিন-জন্মস্থানও একই,

# ইংল্যান্ড দলে নতুন রবিনসন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইংল্যান্ডের টেস্ট দলে প্রথমবারের মতো ডাক পেয়েছেন ওলি রবিনসন। সমর্থকদের অনেকেই অবাক হতে পারেন এটা ভেবে যে, রবিনসন তো আগে থেকেই আছেন ইংলিশদের টেস্ট দলে। তিনি তো ইতোমধ্যেই ২০ টেস্টে ৭৬ উইকেট নিয়েছেন, তাহলে নতুন করে আবার ডাক পাওয়ার কি আছে?

ক্রাইস্টচার্চে নিউজিল্যান্ডের বিপক্ষে টেস্ট খেলছে ইংল্যান্ড। জেইমি স্মিথ ছুটিতে থাকায় উইকেটকিপার হিসেবে এই দলে ডাক পেয়েছিলেন জর্ডান কক্স। তবে কক্স অনুশীলন ম্যাচে আঙুলে চোট পাওয়ায় তার অভিষেকটা হলো না। কক্স চোটে পড়ার কারণেই নতুন করে আরেকজন উইকেটকিপার ব্যাটারকে দলে নিয়েছে ইংল্যান্ড। নতুন এই উইকেটকিপার ব্যাটারের নামও আবার ওলি রবিনসন। তবে নাম একই হলেও তিনি আলাদা। এই রবিনসন পেসার নন, তিনি একজন উইকেটরক্ষক ব্যাটার। প্রথমবারের মতো ডাক পাওয়া এই উইকেটরক্ষকের পেসারের নাম ছাড়াও মিল আছে অন্য জায়গায়ও। দুজনেরই জন্ম কেন্টে, দুজনের জন্মদিন ১ ডিসেম্বর। তবে জন্মদিন একই হলেও বয়সে পার্থক্য আছে দুজনের। তিন দিন পর ২৬ বছর পূর্ণ হবে কিপার রবিনসনের, ৩১ হবে পেসার রবিনসনের। দুজনের মাঝের নাম আলাদা। কিপারের পুরো নাম অলিভার জর্জ রবিনসন, পেসারের নাম অলিভার এডওয়ার্ড রবিনসন।

পেসার রবিনসন সবশেষ খেলেছেন এই বছরের শুরুতে ভারত সফরে। চলতি সিরিজের স্কোয়াডে তার জায়গা হয়নি।

## আমি কী ভুল করেছি; প্রশ্ন পৃথ্বীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ক্যারিয়ারের সবচেয়ে বাজে সময় পার করেছেন পৃথ্বী শ। জাতীয় দল থেকে ছিটকে যাওয়ার পর এবার নিজ দেশের ফ্র্যাঞ্চাইজি লিগ আইপিএলেও দল পাননি তিনি।

এক সময় দিল্লি ক্যাপিটালসের হয়ে নিয়মিত খেলেছেন পৃথ্বী। ছিলেন দলের অন্যতম সেরা ক্রিকেটারও। অথচ এবার মেগা নিলামে তার প্রতি আগ্রহ দেখায়নি কোনো দল। এর কারণ তার বাজে ফর্ম। আর আইপিএলের মতো লিগে দল না পাওয়ায় তাকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা ট্রল করছেন ক্রিকেট ভক্তরা।

ট্রলের শিকার হওয়া নিয়ে তিনি বলেছেন, 'মানুষ যদি আমাকে নিয়ে মিম বানায়, তা আমিও দেখি। আমার মাঝেমধ্যে খারাপ লাগে। অনেক সময় মনে হয়, এটা ঠিক হয়নি, তার এভাবে বলা ঠিক হয়নি। যখনই আমাকে সবার সামনে দেখে, মানুষ আমাকে বলতে শুরু করে পৃথ্বী কী করছে, তার অনুশীলন করা উচিত। আর আমি ভাবছিলাম, আজ তো আমার জন্মদিন। আমি ভাবছিলাম, আমি কী ভুল করেছিলাম।'

আইপিএলে পৃথ্বী ম্যাচ খেলেছেন ৭৯টি, তাতে ২৩ গড়ে রানসংখ্যা ১৮৯২। পরিসংখ্যান বিবেচনায় খুব একটা খারাপও করেননি তিনি।

## মেসিকে ২০২৬ পর্যন্ত

# রেখে দিতে চায় ইন্টার মায়ামি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুরো ফুটবল বিশ্বকে অবাক করে যুক্তরাষ্ট্রের ইন্টার মায়ামি ক্লাবে যোগ দিয়েছিলেন লিওনেল মেসি। এটি দেশটির ফুটবল ইতিহাসে এক উল্লেখযোগ্য মাইলফলকও। ২০২৩ সালের জুনে আড়াই বছরের চুক্তিতে মায়ামিতে যোগ দেয়া মেসি শুধু ক্লাবের নয়, যুক্তরাষ্ট্রের ফুটবলের জনপ্রিয়তা, অর্থনীতি এবং মর্যাদায়ও নতুন মাত্রা যোগ করেছেন। মেসির বর্তমান চুক্তি ২০২৫ সালে শেষ হবে। তবে স্প্যানিশ সংবাদমাধ্যম এএস এবং আর্জেন্টাইন সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টস জানাচ্ছে, মেসির সঙ্গে চুক্তি আরও এক বছর বাড়ানোর জন্য ইন্টার মায়ামি আলোচনা চালিয়ে যাচ্ছে। ক্লাবটির অন্যতম মালিক হোর্সে মাসও মেসিকে ২০২৬ সাল পর্যন্ত ধরে রাখার ইচ্ছা প্রকাশ করেছেন। যে কোনো সময় এ বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণা আসতে পারে বলে আশা করা হচ্ছে। মেসির চুক্তি নবায়নের সম্ভাবনার আরেকটি বড় ইঙ্গিত হলো, মায়ামির নতুন কোচ হিসেবে হাভিয়ের মাচেরানোর নিয়োগ। সাবেক আর্জেন্টাইন মিডফিল্ডার এবং মেসির জাতীয় দলের সতীর্থ মাচেরানোর নিয়োগে মেসির ভূমিকা থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। ২০২৬ বিশ্বকাপ হবে যুক্তরাষ্ট্রে। আর্জেন্টিনার কোচ লিওনেল স্কালোনি ও দলের খেলোয়াড়রা মেসিকে সেই বিশ্বকাপে দেখতে চান। মেসি নিজেও বিভিন্ন সময় বিশ্বকাপ খেলার ইচ্ছার কথা ইঙ্গিত দিয়েছেন। যদি মেসি সেই বিশ্বকাপ খেলেন, তবে যুক্তরাষ্ট্রে তার অবস্থান আর্জেন্টিনা দলের জন্য বিশেষ সুবিধা এনে দিতে পারে।

## ইউরোপের সর্বকনিষ্ঠ

# 'গোল্ডেন বয়' ইয়ামাল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইতালির ক্রীড়া সংবাদমাধ্যম টাট্টোস্পোর্টের দেওয়া 'গোল্ডেন বয়' পুরস্কার জিতেছেন লামিনে ইয়ামাল। ১৭ বছর চার মাস বয়সে এই পুরস্কার জিতে ইতিহাসে নাম লিখিয়েছেন ইয়ামাল। সবচেয়ে কমবয়সী খেলোয়াড় হিসেবে 'গোল্ডেন বয়' পুরস্কার জেতার রেকর্ড এখন তার দখলে।

ইউরোপের শীর্ষ লিগগুলোতে খেলা ২১ বছর বা এর চেয়ে কম বয়সীদের মধ্যে সেরা ফুটবলারকে পুরস্কারটি দেয় ইতালিয়ান সংবাদপত্র তুত্তোস্পোর্ত। ২০২৪ সালের সেরা হিসেবে বুধবার ইয়ামালের নাম ঘোষণা করা হয়।

২০২৩ সালে পুরস্কারটির লড়াইয়ে সংক্ষিপ্ত তালিকায় ছিলেন ইয়ামাল। বছর ব্যাপী দুর্দান্ত পারফরম্যান্সে এবার তিনি উঠে বসলেন সেরার আসনে, ১৭ বছর চার মাস বয়সে।

ইয়ামাল মূলত নজর কাড়েন গত মৌসুমে বার্সেলোনার হয়ে। মৌসুম জুড়েই দ্যুতি ছড়ান তিনি।

এরপর ডাক পান স্পেন জাতীয় দলে। সেই ধারাবাহিকতায় সবচেয়ে কম বয়সে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে মাঠে নামার পর, জুন-জুলাইয়ের ওই আসরে সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসেবে শিরোপা জয়ের স্বাদও পান ইয়ামাল। আসর জুড়ে চমৎকার পারফরম্যান্সে টুর্নামেন্টের সেরা খেলোয়াড়রাও নির্বাচিত হন তিনি।

এবারের ব্যালন ডি'অর অনুষ্ঠানে সবচেয়ে কম বয়সে অনূর্ধ্ব-২১ বছর বয়সী পুরুষ ফুটবলে বর্ষসেরা খেলোয়াড়ের পুরস্কার কোপা অ্যাওয়ার্ডও জেতেন ইয়ামাল।

চলতি মৌসুমেও একই ছন্দে ছুটছেন এই তরুণ সেনসেশন। গোল করা ও করানোয় দারুণ পারদর্শী এই ফুটবলারকে তাই সেরা হিসেবে বেছে নিতে খুব একটা ভাবতে হয়নি তুত্তোস্পোর্তের নির্ধারিত জুরি বোর্ডের। ৫০০ পয়েন্টের মধ্যে ৪৮৮ পয়েন্ট পেয়ে সেরা হওয়ার পর তুত্তোস্পোর্তে প্রকাশিত ভিডিওবার্তায় উচ্ছ্বাস প্রকাশ করেন ইয়ামাল।

তিনি বলেন, 'এই পুরস্কার জিততে পারা দারুণ এক সম্মান। একটা স্বপ্ন, আমি খুব খুশি। তুত্তোস্পোর্ত ও বিচারকদের ধন্যবাদ। বার্সেলোনা ও স্পেন জাতীয় দলের সতীর্থ ও কোচদের আমি ভুলতে চাই না। আমি খুব খুশি এবং সামনে আরও সাফল্য পেতে মুখিয়ে আছি।'

২০০৩ সালে পুরস্কারটি দেওয়া শুরু করে তুত্তোস্পোর্ত। এর আগে ওয়েইন রুনি, লিওনেল মেসি, কিলিয়ান এমবাপে, আর্লিং হলান্ডের মতো তারকারা জিতেছেন 'গোল্ডেন বয়।' গতবার জেতেন রিয়াল মাদ্রিদের জুড বেলিংহ্যাম। ভবিষ্যতের সেরাদের সেই তালিকায় এবার যোগ হলো ইয়ামালের নাম।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR